



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/.....নথি নং-কিশোরগঞ্জ-০৯

তারিখঃ ১৬.০১.২০১৯খ্রিঃ


বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশান নং-১০২৩৩/২০১৮ নিষ্পত্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার সদর উপজেলাধীন নগুয়া আয়েশা আহাদ দাখিল মাদ্রাসার অনলাইনে দাখিলকৃত ম্যানেজিং কমিটি অনুমোদন দেওয়ার জন্য জনাব মো: আজিজুর রহমান কর্তৃক (সভাপতি ও আজীবন দাতা সদস্য) মহামান্য হাইকোর্টে রিট পিটিশান নং-১০২২৩/১৮ দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট কর্তৃক ৩০(ত্রিশ) দিনের মধ্যে আবেদনের বিষয়টি বোর্ড কর্তৃক নিষ্পত্তি করার জন্য আদেশ জারি করেন। মামলাটি নিষ্পত্তির লক্ষ্যে বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত নিয়ে স্মারক নং-বামাশিবো/প্রশাসন/৩১৪৬/৫ নথি নং-কিশোরগঞ্জ-০৯; তারিখঃ ১৪-১১-২০১৮খ্রিঃ দ্বারা মাদ্রাসার সংশ্লিষ্ট সকল পক্ষকে ২৫-১১-১৮খ্রিঃ তারিখে শুনানীতে অংশগ্রহণ করার জন্য পত্র দেওয়া হয়। পত্র মোতাবেক অত্র বোর্ডে ২৫-১১-২০১৮ ইং রোজ রবিবার মাদ্রাসা সুপার জনাব মো: আব্দুল খালেক, অভিভাবক সদস্য জনাব মো: মোস্তাফিজুর রহমান শুনানীতে অংশ গ্রহণ করলেও রিট পিটিশন কারী জনাব মো: আজিজুর রহমান শুনানীতে অংশ গ্রহণ করেননি এবং মুঠোফোনে তার উপস্থিতি নিশ্চিত করা সত্ত্বেও শুনানীর দিনে অনুপস্থিতির বিষয়ে বোর্ডকে তিনি অবহিত করেননি। সুপার ও অভিভাবক সদস্য (অভিযোগকারী) শুনানীতে অংশ গ্রহণ করে স্ব স্ব দাবির পক্ষে বক্তব্য ও প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন করেন।

অনলাইন নথি যাচাই করে দেখা যায় যে, ভারপ্রাপ্ত সুপার কর্তৃক ৩০-১২-২০১৭ তারিখে কমিটি জমা করা হয়। অন্য দিকে দাখিল কৃত ম্যানেজিং কমিটি অনুমোদন না দেয়ার জন্য মাদ্রাসা সুপার জনাব মো: আব্দুল খালেক এবং অভিভাবক সদস্য জনাব মো: মোস্তাফিজুর রহমান অনিয়ম, ত্রুটিপূর্ণ ভোটার তালিকা উল্লেখ করে অভিযোগ দাখিল করেন। উক্ত দুটি অভিযোগের পরিপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসারকে স্মারক নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১১০৪৮২২/৩০০০/৮ নথি নং-কিশোর ০৯; তারিখঃ ০৩.০৫.১৮খ্রিঃ পত্র দেয়া হয়। পত্র মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার তদন্ত করে স্মারক নং-০৫.১২.৪৮৪৯.০০০.০৮.০০৯.২০১৫-৭৪০; তারিখঃ ২৮-১০-২০১৮খ্রিঃ প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদনে দাখিলকৃত ম্যানেজিং কমিটির সমগ্র ভোটার তালিকাটি ব্যাপকভাবে অনিয়মে পূর্ণ ও ত্রুটিযুক্ত মর্মে মন্তব্য প্রদান করা হয়েছে।

বর্ণিত অবস্থায় তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত হওয়ায় অনলাইনে দাখিল কৃত ম্যানেজিং কমিটি অনুমোদন দেয়ার সুযোগ নাই মর্মে রিট পিটিশন কারী জনাব মো: আজিজুর রহমানকে জানিয়ে দিয়ে রিট পিটিশন নং-১০২৩৩/২০১৮ নিষ্পত্তি করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮



প্রাপকঃ ১) সভাপতি ও আজীবন দাতা সদস্য জনাব মো: আজিজুর রহমান,

নগুয়া আয়েশা আহাদ দাখিল মাদ্রাসা, কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ।

২) সুপার/ ভারপ্রাপ্ত সুপার, নগুয়া আয়েশা আহাদ দাখিল মাদ্রাসা, কিশোরগঞ্জ সদর,

নগুয়া আয়েশা আহাদ দাখিল মাদ্রাসা, কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ।।

৩) জনাব মো: মোস্তাফিজুর রহমান, গ্রাম- নগুয়া, ডাকঘর- কিশোরগঞ্জ, কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ।

নং-বামাশিবো/প্রশাসন/.....নথি নং-কিশোরগঞ্জ-০৯

তারিখঃ .০১.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, সদর, কিশোরগঞ্জ।
৩. জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, কিশোরগঞ্জ।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।



মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪